

আগস্ট ৩০, ২০১৪, শনিবার : ভাদ্র ১৫, ১৪২১ ।

নাঙ্গলকোটে কমপ্যাক্ট টাউনশিপ বিষয়ক আলোচনা সভা

নাঙ্গলকোট

প্রতিনিধি ।।

নাঙ্গলকোটে কমপ্যাক্ট টাউনশিপ ফাউন্ডেশনের উদ্যোগে গতকাল শুক্রবার মাহিনী উচ্চ বিদ্যালয়ে কমপ্যাক্ট টাউনশিপ বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। ডা. আবদুল মমিন ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন কমপ্যাক্ট টাউনশিপ ফাউন্ডেশনের জেনারেল সেক্রেটারী ড. আবুল হোসেন। বিশেষ অতিথির বক্তব্য রাখেন ব্রাক ইউনিভার্সিটির প্রজেক্ট ম্যানেজার একরাম হোসেন। বক্তব্য রাখেন কাকৈরতলা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুল গফুর বি.এস.সি, মাহিনী মাদ্রাসার অধ্যক্ষ মুফতি মো: ওলি উল্যাহ, উপজেলা ইমাম সমিতির সভাপতি মাও. সাদেকুর রহমান, মাও. আব্দুল মালেক, মাও. আবু কাশেম, মো: সাদেক প্রমুখ।

প্রধান অতিথি বলেন, বিচ্ছিন্ন ভাবে বাড়ি-ঘর, রাস্তাঘাট, কলকারখানা নির্মাণের ফলে কৃষি জমি শেষ হয়ে যাচ্ছে। এ ভাবে চলতে থাকলে অদূর ভবিষ্যতে আমাদের কোন কৃষি জমি অবশিষ্ট থাকবে না। এ সমস্যা থেকে উত্তরণের জন্য এখন থেকেই আমাদের উদ্যোগী হতে হবে। এ জন্যই মূলত কমপ্যাক্ট টাউনশিপ এর উদ্যোগ। এ ধরনের টাউনশিপে কম বেশী ২০ হাজার মানুষের থাকার ব্যবস্থা হবে। যেখানে সব ধরনের নাগরিক সুবিধা, শিক্ষা ও স্বাস্থ্য ব্যবস্থা, পানি-বিদ্যুৎ, পরিবহন ব্যবস্থা, বিনোদনসহ আধুনিক ট্রাফিক ব্যবস্থা ইত্যাদি করা গেলে আর কৃষি জমি নষ্ট করে ক্রমাগত বাড়ি-ঘর না বানিয়ে মানুষ এসব সিটিতে এসে উঠবে। এ সব সিটিতে কৃষিপণ্য উৎপাদন বৃদ্ধি ও কলকারখানা স্থাপনের মাধ্যমে মানুষের কর্মসংস্থান বৃদ্ধির ব্যবস্থা করা হবে।

**কুমিল্লার কাগজ**

নাঙ্গলকোটে কমপ্যাক্ট টাউনশিপ বিষয়ক আলোচনা সভা

আগস্ট ৩০, ২০১৪, শনিবার

নাঙ্গলকোট প্রতিনিধি

কুমিল্লার নাঙ্গলকোটে কমপ্যাক্ট টাউনশিপ ফাউন্ডেশনের উদ্যোগে গতকাল শুক্রবার মাহিনী উচ্চ বিদ্যালয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। ডা. আবদুল মমিন ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন কমপ্যাক্ট টাউনশিপ ফাউন্ডেশনের জেনারেল সেক্রেটারী ড. আবুল হোসেন। বিশেষ অতিথির বক্তব্য রাখেন ব্রাক ইউনিভার্সিটির প্রজেক্ট ম্যানেজার একরাম হোসেন। বক্তব্য রাখেন কাকৈরতলা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুল গফুর বি.এস.সি, মাহিনী মাদ্রাসার অধ্যক্ষ মুফতি মো: ওলি উল্যাহ, উপজেলা ইমাম সমিতির সভাপতি মাও. সাদেকুর রহমান, মাও. আব্দুল মালেক, মাও. আবু কাশেম, মো: সাদেক প্রমুখ। প্রধান অতিথি বলেন, বিচ্ছিন্ন ভাবে বাড়ি-

ঘর, রাস্তাঘাট, কলকারখানা নির্মাণের ফলে কৃষি জমি শেষ হয়ে যাচ্ছে। এভাবে চলতে থাকলে অদূর ভবিষ্যতে আমাদের কোন কৃষি জমি অবশিষ্ট থাকবে না। এ সমস্যা থেকে উত্তরণের জন্য এখন থেকেই আমাদের উদ্যোগী হতে হবে। এ জন্যই মূলত কমপ্যাক্ট টাউনশিপের উদ্যোগ। এ ধরনের টাউনশিপে কম বেশি ২০ হাজার মানুষের থাকার ব্যবস্থা হবে। যেখানে সব ধরনের নাগরিক সুবিধা, শিা ও স্বাস্থ্য ব্যবস্থা, পানি-বিদ্যুৎ, পরিবহন ব্যবস্থা, বিনোদনসহ আধুনিক ট্রাফিক ব্যবস্থা ইত্যাদি করা গেলে আর কৃষি জমি নষ্ট করে ক্রমাগত বাড়ি-ঘর না বানিয়ে মানুষ এ সব সিটিতে এসে উঠবে। এ সব সিটিতে কৃষিপণ্য উৎপাদন বৃদ্ধি ও কলকারখানা স্থাপনের মাধ্যমে মানুষের কর্মসংস্থান বৃদ্ধির ব্যবস্থা করা হবে।

- See more at: <http://www.comillarkagoj.com/details>.